

জাতীয় নাগরিক পার্টি – এনসিপি

কেন্দ্রীয় আস্থায়ক কমিটি

(অস্থায়ী কার্যালয়ঃ রূপায়ন ট্রেড সেন্টার, বাংলামোটর, ঢাকা)

সূত্র: এনসিপি/বিবৃতি/২০২৫-২০২৬/০২

তারিখ: ১৫ মার্চ, ২০২৫ ইং

কক্সবাজারে আওয়ামী লীগ নেতা কর্তৃক জুলাই অভ্যুত্থানের সমন্বয়কের পিতাকে খুন এবং
পরিবারের ওপর হামলার বিরুদ্ধে প্রতিবাদ ও বিচার দাবি

Page | 1

গতকাল ১৫ই মার্চ শুক্রবার কক্সবাজারের ঈদগাঁও উপজলোয় সাবেক ইউপি চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগ নেতা আব্দুর রাজ্জাকের নেতৃত্বে জুলাই অভ্যুত্থানের একজন সমন্বয়কের পিতা সাদিদুল হুদার পরিবারের ওপর হামলা ও গুলি চালানো হয়। এতে তার বাবা হাবিবুল হুদা নিহত হন এবং পরিবারের আরো তিন সদস্য আহত হন। জাতীয় নাগরিক পার্টি – এনসিপি এই ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানায়।

উল্লেখ্য, ইতিপূর্বে আওয়ামী লীগ নেতা আব্দুর রাজ্জাক বিভিন্ন মামলায় কারাবন্দী ছিলো। এই ঘটনার প্রায় ২৪ ঘণ্টা অতিক্রান্ত হলেও এখন পর্যন্ত অভিযুক্ত কেউই আইনের আওতায় আসেনি। যা স্থানীয় আইনশৃঙ্খলা বাহিনীর সক্রিয়তাকে প্রশ্নবিদ্ধ করছে। জাতীয় নাগরিক পার্টি – এনসিপি এই হত্যা ও হামলার সাথে জড়িত প্রত্যেককে অনতিবিলম্বে আইনের আওতায় আনতে এবং ভুক্তভোগী পরিবারের নিরাপত্তা নিশ্চিত করতে জোর দাবি জানায়।

বার্তাপ্রেরক


15.03.25

সালেহ উদ্দিন সিফাত

যুগ্ম সদস্য সচিব (দপ্তর)

জাতীয় নাগরিক পার্টি – এনসিপি